ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭-৮২(১)

তারিখ : ২ বৈশাখ ১৪২৫ / ১৫ এপ্রিল ২০১৮

**বিষয়ঃ ১৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-২ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-৩ পাতা।

১৫.৪.২০১৮
(মোঃ আবু বকর সিদ্দিক)
উপসচিব (অ: দা:)
ফোন নং-৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/ব্লু ইকোনমি/নিরীক্ষা/প্রাণিসম্পদ-৩), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৮. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১১. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১২. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রানিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

# ১৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>ভারপ্রাপ্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ১৫/০৪/২০১৮ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) বিগত ২৪/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারও কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) প্রতিবেদন মূল্যায়নঃ**

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৫৮টি কার্যক্রম এবং ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২ টি কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। কার্যক্রমওয়ারী লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সভায় উপস্থাপন করা হয়। সভাপতি মহোদয় ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) বাস্তবায়ন অগ্রগতির উপর সভায় আগত সদস্যগণকে তাদের মতামত উপস্থাপনের আহ্বান জানান। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর অধিদপ্তরের আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ১.১, ১.২, ১.৩, ১.৮, ৪.১, এবং ৪.৮ নির্দেশকের বিপরীতে অর্জন মৌসুমের সাথে সম্পর্কিত। তাছাড়া, মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগী কার্যক্রমটি মৎস্য [১.২] আবাসস্থল উন্নয়ন কার্যক্রমের সাথে সম্পর্কিত। তবে নির্দিষ্ট সময়ে তা পুরোপুরি অর্জিত হবে মর্মে তিনি সভাকে জানান।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ১.১৬ এবং ১.১৭ নির্দেশকের বিপরীতে ২০১৭-১৮ অর্থবছরের গবেষণা কার্যক্রম এখনও চলমান রয়েছে। ফলে প্রযুক্তি এখনও উদ্ভাবিত হয় নাই। অর্থবছরের শেষ পর্যায়ে (মে-জুন মাসে) গবেষণার চূড়ান্ত তথ্য সংগ্রহ করে প্রযুক্তি উদ্ভাবনের কাঙ্খিত সংখ্যা নিশ্চিত করা হবে। বিগত বছরের উদ্ভাবিত প্রযুক্তিসমূহের ২টি প্রযুক্তি অতি শীঘ্রই মৎস্য অধিদপ্তরের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ২.৬ এবং ২.৭ নির্দেশকের বিপরীতে গত অর্থবছরে ১ দিন বয়সের বাচ্চার দাম মৌসুম ভিত্তিক পুন:নির্ধারণ করা হয়েছে (নভেম্বর-জানুয়ারি ১৫/- টাকা এবং ফেব্রুয়ারি-অক্টোবর ২০/- টাকা)। এ প্রেক্ষিতে বেসরকারি পর্যায়ে ১ দিনের মুরগির বাচ্চার দাম সরকারি খামারে উৎপাদিত বাচ্চার দামের তুলনায় কম হওয়ায় এখনও কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ২.১১ এবং ২.১২ নির্দেশকের বিপরীতে প্রযুক্তি উদ্ভাবনের কার্যক্রম চলমান রয়েছে। ৪ টি প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে ইতোমধ্যে প্রযুক্তি মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রযুক্তি ৪ টির পরিমার্জন সম্পন্ন হয়েছে। বর্তমানে প্রযুক্তি ৪টির সপক্ষে প্রয়োজনীয় বুকলেট/লিফলেট/ম্যানুয়েল/ভিডিও ক্লিপ ইত্যাদি তৈরির কার্যক্রম চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর দপ্তরের আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ৪.৭ নির্দেশকের বিপরীতে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে ক্যাডেট ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল-এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম নং ৪.৯ নির্দেশকের বিপরীতে পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে মানসম্পন্ন ভেটেরিনারি সেবা নিশ্চিত করার লক্ষ্যে এপ্রিল, ২০১৮ থেকে জুন, ২০১৮ পর্যন্ত ৩টি কর্মশালা/প্রশিক্ষণ প্রদানের সিডিউল রয়েছে। যথাসময়ে প্রশিক্ষণ বিষয়ক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

সভাপতি মহোদয় বিএফআরআই-এর কার্যক্রম নং-১.১৬ মৎস্যজাত সম্পর্কিত প্রযুক্তি উদ্ভাবন, বিএলআরআই-এর কার্যক্রম নং ২.১১ প্রাণিজাত সম্পর্কিত প্রযুক্তি উদ্ভাবন বিষয়ে আগামী ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উভয় সংস্থার প্রযুক্তি উদ্ভাবন বিষয়টি পরিবর্তন করে যুগপোযোগী করা এবং কার্যক্রম নং-৪.৯ ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান বিষয়টি পরিবর্তন করে কারিকুলাম/মানউন্নয়ন করার আহ্বান জানান। ইহাতে কমিটির অন্যান্য সকল সদস্য একমত পোষণ করেন।

বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) প্রতিবেদন অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত:**

১.১। ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৮) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;

১.২। বিএফআরআই-এর কার্যক্রম নং-১.১৬ মৎস্যজাত সম্পর্কিত প্রযুক্তি উদ্ভাবন, বিএলআরআই-এর কার্যক্রম নং ২.১১ প্রাণিজাত সম্পর্কিত প্রযুক্তি উদ্ভাবন বিষয়ে আগামী ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উভয় সংস্থার প্রযুক্তি উদ্ভাবন বিষয়টি পরিবর্তন করে যুগপোযোগী করা এবং কার্যক্রম নং-৪.৯ ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান বিষয়টি পরিবর্তন করে কারিকুলাম/মানউন্নয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৪/১৮

মোঃ রইছউল আলম মন্ডল
ভারপ্রাপ্ত সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।

# ১৫/০৪/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ০১. | অরুন কুমার মালাকার অতিরিক্ত সচিব (প্রশাসন) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] ১৫/০৪/১৮ | ০১৭১৮-৭২৬০১১৬ |
| 02. | মোঃ কামরুজ্জামান যুগ্মসচিব | MoFL | [signature] ১৫/৪/১৮ | 01736-614873 |
| ০৩. | মো: তৌফিকুল আরিফ যুগ্ম সচিব | MOFL | [signature] ১৫/৪/১৮ | ০১৭১১৬৪৩৮৯৬ |
| 04 | ড. শেখ [illegible] যুগ্মসচিব | MoFL | [signature] ১৫/৪/১৮ | ০১৫৫২৪৪৫৭১ |
| ০৫ | অসীম কুমার বালা যুগ্ম সচিব | MOFL | Bala 15.04.2018 | 01715895877 |
| ০৬ | মোঃ মোস্তাফিজুর রহমান, যুগ্মসচিব | -ঐ- | [signature] ১৫-০৪-১৮ | 01711-301418 |
| ০৭. | রনজিৎ কুমার, যুগ্মসচিব, পরিচালক (প্রশা) | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | [signature] ১৫/৪/১৮ | 01712023304 |
| ০৮. | মো: মনোয়ার হোসেন উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) | মৎস্য অধিদপ্তর | [signature] ১৫/০৪/১৮ | ০১৭১১-১৮৩৫৭৭ monwar.hossain@gmail.com |
| ০৯. | মোঃ কামাল আহমেদ অর্থনৈতিক [illegible] অফিসার, মিশ্র/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | মিশ্র৩/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [signature] ১৫/৪/১৮ | 01715026952 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১০ | মো: আবু বকর সিদ্দিক<br>উপসচিব | HOFL | [illegible] | 01715-002101 |
| ১১ | ড. মোহসেন মো: [illegible] | DLS | [illegible] | 01746952011 |
| ১২. | ড. মো: জিল্লুর রহমান<br>এস.এস.ও | BLRI | [illegible] | 01677155641 |
| ১৩ | ডা: মো: হাবিবুর রহমান<br>উপ পরিচালক, [illegible] | DLS | [illegible] | 01716318574 |
| ১৪. | ড: অনুরাধা ভদ্র<br>পি.এস.ও | BFRI | [illegible] | 01722319462<br>bhadraa96@yahoo.com |
| ১৫ | মো. আসাদুজ্জামান<br>[illegible]<br>পরিকল্পনা বিভাগ | BFDC | [illegible] | 01762-854606 |
| ১৬ | ডা: গোপাল চন্দ্র বিশ্বাস<br>[illegible]<br>[illegible] | [illegible] | [illegible] | 01715454677 |
| ১৭ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৮ | মো: শোহাইল কবির<br>উপ-[illegible] / উপ-সচিব | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | [illegible] | 01717-882201 |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | স্বাক্ষর | মোবাইল, ফোন ও ই-মেইল |
|---|---|---|---|---|
| ১৯. | ড. [illegible]<br>[illegible] | [illegible],<br>সাভার, ঢাকা-[illegible] | [signature]<br>১৭/৪/১৮ | ০১৭১১-৭[illegible]<br>sarkarm262@yahoo.com |
| ২০. | মো: গোলজার হোসেন<br>[illegible] | মৎস্য অধিদপ্তর | [signature]<br>১৭/৪/১৮ | 01712127634<br>galjar159@gmail.com |
| ২১. | মো: আইনুল হক<br>সহকারী পরিচালক | প্রাণিসম্পদ<br>অধিদপ্তর | [signature]<br>১৭/৪/১৮ | 01796262723<br>dgdls16@gmail.com |
| ২২. | লাকীমনি দেবনাথ<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা | মৎস্য ও<br>প্রাণিসম্পদ মন্ত্র:<br>হিসাব ভবন,<br>সেগুনবাগিচা-ঢাকা-১০০০. | [signature]<br>১৭/০৪/১৮ | 01755618968<br>luckymonid@yahoo.com |
| ২৩. | কাজী ওয়াছিউদ্দিন<br>অতি: সচিব | ~~মৎস্য~~<br>মপ্রাম | [signature]<br>১৭/৪/১৮ | 01715-049<br>051 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |